



বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস
মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬
৬ষ্ঠ সমাবর্তন-২০২৩

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)-এর ৬ষ্ঠ সমাবর্তন-২০২৩, আগামী ১৪ ফেব্রুয়ারি ২০২৩, মঙ্গলবার, বিকাল ০৩.০০ ঘটিকায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে।

১. **সমাবর্তনে অংশগ্রহণের যোগ্যতা:** ০১ জুলাই ২০১৯ হতে ৩০ জুন ২০২২ তারিখ পর্যন্ত বিইউপির অঙ্গীভূত ফ্যাকাল্টি এবং অধিভুক্ত প্রতিষ্ঠান হতে যে সকল গ্র্যাজুয়েট (অনার্স ও পাস কোর্স, মাস্টার্স, ডিপ্লোমা ও পোস্টগ্র্যাজুয়েট ডিপ্লোমা এবং এমফিল ও পিএইচডি) ডিগ্রি অর্জন করেছেন অর্থাৎ এই সময়ে যাদের ফলাফল প্রকাশিত হয়েছে তাঁরা অংশগ্রহণ করতে পারবেন।
২. **সমাবর্তনের রেজিস্ট্রেশন ফি:** টাকা ৪,৫০০.০০ (চার হাজার পাঁচশত টাকা মাত্র)।
৩. **সমাবর্তনের রেজিস্ট্রেশন প্রক্রিয়া:** সমাবর্তনের রেজিস্ট্রেশনের জন্য নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণীয়:
 - ৩.১. ট্রাস্ট ব্যাংক লিমিটেডের যেকোনো শাখায় “BUP CONVOCATION MANAGEMENT FUND” হিসাব নং- **7017-0311022002** এর অনুকূলে নগদ জমা দেওয়া যাবে অথবা যেকোনো মোবাইল ব্যাংকিং বা ডেবিট/ক্রেডিট কার্ডের মাধ্যমে অনলাইনে জমা দেওয়া যাবে।
 - ৩.২. ট্রাস্ট ব্যাংক লিমিটেডে রেজিস্ট্রেশন ফি নগদ জমাদানের ক্ষেত্রে ব্যাংকের মূল রসিদে প্রার্থীর নিজের নাম ও নিজস্ব মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। ট্রাস্ট ব্যাংকে টাকা জমা দেওয়ার পর একটি TRACE নম্বর দেওয়া হবে। রেজিস্ট্রেশন ফরম পূরণ করার সময় ফরমে উক্ত TRACE নম্বরটি (জমাদানের তারিখসহ) অবশ্যই উল্লেখ করতে হবে।
 - ৩.৩. বিইউপির সমাবর্তন রেজিস্ট্রেশন পোর্টাল (convocation.bup.edu.bd)-এর মাধ্যমে সমাবর্তনের রেজিস্ট্রেশন ফরম পূরণ করা যাবে। রেজিস্ট্রেশন ফরমে আবেদনকারীর পাসপোর্ট সাইজের ছবি (jpg ফরমেট) আপলোড করতে হবে।
 - ৩.৪. সমাবর্তন ফরম পূরণের সময় একটি সক্রিয় ই-মেইল অ্যাড্রেস প্রয়োজন হবে এবং উক্ত ই-মেইল অ্যাড্রেসে সমাবর্তনের **ACKNOWLEDGEMENT RECEIPT** প্রেরণ করা হবে।
৪. **সমাবর্তনের রেজিস্ট্রেশন সময়সীমা:** সমাবর্তনের রেজিস্ট্রেশন ফরম পূরণের শেষ তারিখ ১১ ডিসেম্বর ২০২২। নির্ধারিত তারিখের পরে কোনো অবস্থাতেই রেজিস্ট্রেশন করা যাবে না।
৫. **সমাবর্তনের আমন্ত্রণপত্র, কস্টিউম ও আনুষঙ্গিক দ্রব্যাদি সংগ্রহ:**
 - ৫.১. সমাবর্তনের আমন্ত্রণপত্র, কস্টিউম ও আনুষঙ্গিক দ্রব্যাদি আগামী ০৯, ১০, ১১ ও ১২ ফেব্রুয়ারি ২০২৩ (প্রতিদিন সকাল ০৯.০০-বিকেল ০৪.০০ ঘটিকা) এর মধ্যে বিইউপি থেকে সংগ্রহ করতে হবে।
 - ৫.২. সমাবর্তনের আমন্ত্রণপত্র, কস্টিউম ও আনুষঙ্গিক দ্রব্যাদি গ্রহণ করার সময় যা জমা দিতে হবে:
 - ৫.২.১. সমাবর্তনের ফি জমা দেওয়ার মূল রসিদ;
 - ৫.২.২. সাময়িক সনদপত্রের মূলকপি/মূল সনদপত্রের মূলকপি (যে সকল গ্র্যাজুয়েট ইতোমধ্যে মূল সনদপত্র সংগ্রহ করেছেন তাঁরাও পূর্বে গ্রহণকৃত মূল সনদপত্র ফেরত প্রদান সাপেক্ষে সমাবর্তনে অংশগ্রহণ করতে পারবেন); এবং
 - ৫.২.৩. আবেদনকারীর ই-মেইল অ্যাড্রেসে প্রাপ্ত অথবা convocation.bup.edu.bd হতে ডাউনলোডকৃত **ACKNOWLEDGEMENT RECEIPT**।
৬. **বিশেষ দৃষ্টব্য:**
 - ৬.১. নির্ধারিত সময়সীমার মধ্যে রেজিস্ট্রেশন ব্যতীত কোনো গ্র্যাজুয়েট সমাবর্তনে অংশগ্রহণ করতে পারবেন না।
 - ৬.২. সমাবর্তনের নির্ধারিত কস্টিউম ব্যতীত অংশগ্রহণ করা যাবে না।
 - ৬.৩. প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করার জন্য ন্যূনতম ০২ ঘণ্টা পূর্বে সমাবর্তনস্থলে উপস্থিত থাকতে হবে।
 - ৬.৪. সমাবর্তনের সময় আমন্ত্রণপত্র ব্যতীত কোনো ব্যক্তি বা অতিথির প্রবেশ বা উপস্থিতি নিষিদ্ধ। মূল সনদপত্র সংগ্রহ না করা পর্যন্ত আমন্ত্রণপত্র সংরক্ষণ করতে হবে।
 - ৬.৫. আমন্ত্রণপত্র হস্তান্তরযোগ্য নয়। খাবার ও পানির বোতল নিয়ে অনুষ্ঠানস্থলে প্রবেশ করা যাবে না। অনুষ্ঠানস্থলে মাস্ক পরে থাকতে হবে।
 - ৬.৬. সমাবর্তন সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্যে বিইউপির সমাবর্তন রেজিস্ট্রেশন পোর্টাল (convocation.bup.edu.bd) ভিজিট করা যেতে পারে।
৭. **যোগাযোগ:** সমাবর্তনের জন্য নিম্নোক্ত নম্বরে যোগাযোগ করা যাবে (সকাল ০৮.০০ টা থেকে বিকাল ০২.৩০ টা পর্যন্ত):
 - ৭.১. সমাবর্তন সংক্রান্ত বিষয়: অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ শওকত ওসমান (০১৭৬৯০২৮৭৯৮);
 - ৭.২. অনলাইন রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়ে জটিলতা নিরসনকল্পে: আইসিটি সেন্টার ০১৭৬৯০২৮৭৯৯।

ব্রিগেডিয়ার জেনারেল আব্দুল্লাহ আল মামুন
রেজিস্ট্রার